গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট
সদর দপ্তর-মৌলভীবাজার

নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

নিলাম বিজ্ঞপ্তি নং: ১৬/জব্দ অব-২০০৭-২০০৮ তারিখ: ১৯/০২/২০০৮ইং

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট, সদর দপ্তর-মৌলভীবাজার বিভাগ এর আওতাধীন বিভিন্ন রেঞ্জ ও বিট/ক্যাম্পসমূহে বিভাগীয়ভাবে আহরিত/জব্দকৃত/বাজেয়াপ্তকৃত অবিক্রীত মজুদ বনজদ্রব্য যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় নিম্নে বর্ণিত তারিখ, স্থান ও সময়ে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-পবম(বঃশা-১/৫৯/২০০৩ (অংশ-১)/৫২১ তারিখ ০২/০৭/২০০৭ইং মূলে পুনঃ গঠিত কমিটির উপস্থিতিতে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হইবে।

নিলামের স্থান	রেঞ্জের নাম	নিলামের তারিখ	সময়
১	২	৩	৪
মৌলভীবাজার বন্যপ্রাণী রেঞ্জ কার্যালয় প্রাংগণ, শ্রীমংগল	মৌলভীবাজার বন্যপ্রাণী রেঞ্জ, শ্রীমংগল	১১/০৩/২০০৮ইং	সকাল ১০-৩০ ঘটিকা হইতে
-ঐ-	সাতছড়ি বন্যপ্রাণী রেঞ্জ, হবিগঞ্জ।	১২/০৩/২০০৮ইং	সকাল ১০-৩০ ঘটিকা হইতে
-ঐ-	মৌলভীবাজার সদর বন্যপ্রাণী রেঞ্জ	১২/০৩/২০০৮ইং	সকাল ১০-৩০ ঘটিকা হইতে

১। নিলামে অংশগ্রহণকারীকে নিলাম কার্য শুরু হওয়ার পূর্বে নিলামস্থলে নিম্নলিখিত কাগজপত্র জমা দিয়া নাম নিবন্ধন করিতে হইবে; অন্যথায় নিলাম ডাকে অংশগ্রহণ করিতে পারিবেন না।
(ক) বন বিভাগ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ মহালদারী তালিকাভুক্তি/ট্রেড লাইসেন্স/হালনাগাদ নবায়নকৃত "স" মিল লাইসেন্স/স্থানীয় পৌরসভার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত আলোকছাপ;
(খ) হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্রের সত্যায়িত (প্রথম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক) কপি;
(গ) ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের সত্যায়িত (প্রথম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক) কপি;

২। নিলামে অংশগ্রহণকারীকে নিলামে অংশগ্রহণের পূর্বে তফসিলভুক্ত ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে "বিভাগীয় বন কর্মকর্তা, মৌলভীবাজার (Pledged to DFO, Moulvibazar) এর বরাবরে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বায়নাস্বরূপ জমা দিয়া তদীয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মূলকপি ১নং শর্তে বর্ণিত কাগজপত্রের সংগে জমা দিতে হইবে। বায়নার টাকা ব্যতিরেকে কাহাকেও নিলামে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না। নিলাম কার্যসম্পন্ন হওয়ার পর লিখিত আবেদন মোতাবেক যথাসময়ে বায়নার টাকা অবমুক্ত করা হইবে।

৩। নিলাম বিজ্ঞপ্তির বিস্তারিত শর্তাবলী, লটের বনজদ্রব্যের তালিকা ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়াদি বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার ও সংশ্লিষ্ট রেঞ্জ কার্যালয় হইতে দেখিতে ও জানিতে পারা যাইবে।

মোঃ আবুল বাশার মিয়া
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, সিলেট
সদর দপ্তর, মৌলভীবাজার

জিডি-৯৫৯

ঢাকা সিটি করপোরেশন, ঢাকা

www.dhakacity.org
প্রকৌশল বিভাগ, অঞ্চল-৩ (আজিমপুর) ঢাকা

দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়।

আপনার শহর পরিচ্ছন্ন রাখুন।

দরপত্র বিজ্ঞপ্তি

১.	মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২.	এজেন্সী	:	ঢাকা সিটি করপোরেশন।
৩.	সংগ্রহকারী সত্তার নাম	:	নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, অঞ্চল-৩ (আজিমপুর), ঢাকা।
৪.	কি জন্য আহবান	:	পূর্ত কাজের জন্য।
৫.	আহবানের সূত্র	:	৩২/প্রঃবিঃ অ-৩/টেন্ডার/২০০৭-২০০৮ইং।
৬.	তারিখ	:	২৪/০২/০৮ইং।
৭.	সংগ্রহ পদ্ধতি	:	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম)।
৮.	বাজেট এবং সোর্স অফ ফান্ড	:	সুইপার কলোনী নির্মাণ ও উন্নয়ন।
৯.	উন্নয়ন অংশীদার (যদি প্রযোজ্য হয়)	:	প্রযোজ্য নয়।
১০.	প্রকল্প/প্রোগ্রামের নাম (যদি থাকে)	:	প্রযোজ্য নয়।
১১.	দরপত্র প্রচারের তারিখ	:	আগামী ২৭/০২/২০০৮ইং তারিখের মধ্যে।
১২	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	:	১৮/০৩/২০০৮ইং।
১৩.	দরপত্র দলিল বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা (প্রধান)	:	নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, অঞ্চল-৩ (আজিমপুর), ঢাকা।
১৪.	দরপত্র দলিল বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা (অন্যান্য)	:	(ক) নির্বাহী প্রকৌশলীর দপ্তর, প্রকৌশল বিভাগ, অঞ্চল-১,২,৪,৫,৬,৭,৮,৯,১০, পি এন্ড ডি ও বাজার সার্কেল, ঢাকা সিটি করপোরেশন, ঢাকা। (খ) হিসাবরক্ষক (বিল ও আয় ব্যয়), কেন্দ্রীয় হিসাব বিভাগ, নগর ভবন, ঢাকা সিটি করপোরেশন।
১৫.	দরপত্র গ্রহণকারীর দপ্তর	:	(ক) নির্বাহী প্রকৌশলীর দপ্তর, প্রকৌশল বিভাগ, অঞ্চল-৩ (আজিমপুর), ঢাকা সিটি করপোরেশন, ঢাকা। (খ) নির্বাহী প্রকৌশলীর দপ্তর, প্রকৌশল বিভাগ, অঞ্চল-১,২,৪,৫,৬,৭,৮,৯,১০, পি এন্ড ডি ও বাজার সার্কেল, ঢাকা সিটি করপোরেশন, ঢাকা।
১৬.	দরপত্র গ্রহণের শেষ তারিখ	:	১৯/০৩/২০০৮ইং — সময় ১২.০০ ঘটিকা
১৭.	দরপত্র খোলার তারিখ ও সময়	:	১৯/০৩/২০০৮ইং — সময় ১২.৩০ ঘটিকা
১৮.	দরপত্রদাতার যোগ্যতা	:	PPR-2003 এবং সংশ্লিষ্ট কাজের জন্য প্রণীত দরপত্র দলিলের বর্ণনা ও শর্তানুযায়ী।
১৯.	দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম	:	মুনসী মোঃ আবুল হাসেম।
২০.	দরপত্র আহবানকারী কর্মকর্তার পদবী	:	নির্বাহী প্রকৌশলী।
২১.	দরপত্র আহবানকারী কর্মকর্তার ঠিকানা	:	নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, অঞ্চল-৩ (আজিমপুর), ঢাকা।
২২.	দরপত্র আহবানকারী কর্মকর্তার যোগাযোগের মাধ্যম	:	৮৬২৯৯১৬।

ক্রমিক নং	কাজের নাম	দরপত্র নিরাপত্তা জামানত (টাকা)	দরপত্র দলিলের মূল্য (টাকা)	কার্য সম্পাদনের তারিখ
০১।	৫৮নং ওয়ার্ডস্থিত গনকটুলী ক্লিনার কলোনীর ৪নং ভবনের ক্ষতিগ্রস্থ ফ্লোর মেরামত এবং ভবনের চারিপার্শ্বে এপ্রোণসহ নর্দমা নির্মাণ ও প্রধান আভ্যন্তরীণ রাস্তার উন্নয়ন কাজ।	টাকা= ৪৯,০০০/-	টাকা= ১,০০০/-	৩০ দিন

শর্তাবলীঃ
১. দরপত্র দলিলের মূল্য (টাকা), সোনালী ব্যাংক, বকসী বাজার বোর্ড অফিস শাখা, চঃ হিঃ নং-৩০, কম্পিউটার নং-৩৩০০০৫৮২। সোনালী ব্যাংক, নগর ভবন শাখা, চঃ হিঃ-৩০, ১১ (বি) বিবিধ ও জমাদানপূর্বক দরপত্র দলিল সংগ্রহ করা যাবে।
২. দরপত্র নিরাপত্তা জামানত যে কোন সিডিউল ব্যাংক হতে মেয়র, ঢাকা সিটি করপোরেশন, ঢাকা অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে।
৩. দরপত্র সংক্রান্ত যাবতীয় তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর থেকে সংগ্রহ করা যাবে।
৪. দরপত্র খোলার সময় দরদাতা/প্রতিনিধিগণ উপস্থিত থাকতে পারবেন।
৫. সংগ্রহকারী সত্তা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
৬. দরপত্র গ্রহণ ও মূল্যায়ন PPR-2003 অনুসরণ করা হবে।
৭. নির্বাচিত প্রতিষ্ঠানকে চুক্তিবদ্ধ হওয়ার পূর্বেই যে কোন তফসিলি ব্যাংক হতে মেয়র, ঢাকা সিটি করপোরেশন, ঢাকা বরাবরে পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি আকারে ১০% (শতকরা দশ ভাগ) জামানত (Performance Guarantee) হিসাবে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

ডিসিসি/পিআরডি/২৫২/২০০৭-২০০৮
জিডি-৯৬২

নির্বাহী প্রকৌশলী
অঞ্চল-৩ (আজিমপুর)
ঢাকা সিটি করপোরেশন

Civil Aviation Authority of Bangladesh

Office of the Superintending Engineer
P&D/QS Circle, Kurmitola, Dhaka

Invitation for Tender

1.	Name of the work	Repair and maintenance of Saidpur Airport during the year 2007-2008 (SH:- Providing premixed bituminous seal coat in/c painting on surface of over run at 16 end).
2.	Source of fund	Own Fund, Revenue Expenditure, Code No-3000.
3.	Tender package No.	04/2007-08 (Saidpur).
4.	Invitation for tenders Ref No. and date	CAAB/W-480(A)/Part-1/217 dated: 14-01-2008.
5.	Eligibility of tenderers	Enlisted 'C-class (civil) or above class contractor of CAAB or contractor having licence of equivalent class in any government/semi-govt/autonomous organisation who have experience in civil works during last 5 (five) years in any govt/semi-govt/autonomous organisation can apply for tender document.
6.	Name and address of the offices selling tender document	a) Superintending Engineer, P&D/QS Circle, CAAB, Kurmitola, Dhaka. b) Executive Engineer, Civil Division-3, CAAB, Kurmitola, Dhaka. c) Cash Section, CAAB HQ, Kurmitola, Dhaka. d) PA to Member (Ops & Plns) and Chief Engineer, CAAB HQ, Kurmitola, Dhaka. e) PA to Director, ZIA, CAAB, Kurmitola, Dhaka. f) PA to Director (CEMSU), CAAB, Kurmitola, Dhaka. g) Airport Manager, Saidpur Airport, Saidpur.
7.	Name and address of the office receiving tender	Office of the Superintending Engineer, P&D/QS Circle, CAAB, Kurmitola, Dhaka.
8.	Name and address of the office opening tender	Office of the Superintending Engineer, P&D/QS Circle, CAAB, Kurmitola, Dhaka in presence of the contractor or their representative (if any).
9.	Last date and time for selling tender document	18-03-2008 during office hours.
10.	Last date and time for submission of tenders	20-03-2008 up to 12.00 hours.
11.	Date and time for opening of tenders	20-03-2008 at 12.30 hours.
12.	Special instructions	At the time of purchasing tender schedule attested copy of affidavit/articles of memorandum/joint venture agreement/ partnership agreement to be enclosed along with the application.
13.	Brief description of goods and services (works and service)	

Lot No.	Identification of lot	Location	Price of tender document in Taka	Tender security amount in Taka (refundable)	Time for completion in days/weeks/ months
	Providing premixed bituminous seal coat in/c painting on surface of over run at 16 end (as per description of schedule attached with the tender document)	Saidpur Airport	Tk 500/= (five hundred) only (non-refundable)	Tk 17,700/- (seventeen thousand seven hundred) only to be furnished in the shape of Bank Draft/Pay-Order/Irrevocable Bank Guarantee from any scheduled bank of Bangladesh in favour of the Airport Manager, Saidpur Airport, CAAB, Saidpur	7 (seven) days

14.	Special conditions	The authority reserves the right to accept or reject any or all the tender(s) without assigning any reason whatsoever.

CAAB/PR-59/2008/143
Date: 24-2-2008
GD-954

Sudhendu Bikash Goswami
Superintending Engineer(CC)
P&D/QS Circle, CAAB, Kurmitola, Dhaka

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

চউক ভবন, চট্টগ্রাম

পরিকল্পিত নগরায়নই আমাদের লক্ষ্য

বিজ্ঞপ্তি

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) এর নিয়ন্ত্রিত এলাকা উত্তরে- সীতাকুন্ডের বাঁশবাড়িয়া ও হাটহাজারীর মির্জাপুর, দক্ষিণে - সাঙ্গু নদী ও পটিয়ার দক্ষিণ প্রান্ত, পূর্বে- রাঙ্গুনীয়া খাদ্য গুদাম ও রাউজান এবং পশ্চিমে-বঙ্গোপসাগর। এই এলাকাকে সমন্বিতভাবে গড়ে তোলার জন্য ১৯৯৫ সালে UNDP ও UNCHS এর কারিগরী সহায়তায় প্রণীত মাস্টার প্ল্যানের আওতায় একটি পূর্ণাঙ্গ বিস্তারিত পরিকল্পনার খসড়া প্রণয়ন করা হয়েছে। এই বিস্তারিত পরিকল্পনায় এলাকার বৈশিষ্ট্য অনুযায়ী ১২টি জোনে বিভক্ত করে পরিকল্পিত আবাসিক, বাণিজ্যিক, শিল্প ব্যবহার, কমিউনিটি স্পেস, সরকারি অফিস, হসপিটাল, মিশ্র ব্যবহার, উন্মুক্ত স্থান, রাস্তা, ড্রেইন ইত্যাদি চিহ্নিতকরণ সহ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির প্রস্তাবনা, পরিবেশ সংকটাপন্ন এলাকা ও জ্বলোচ্ছাস প্রবণ এলাকা চিহ্নিত করে ১২টি জোনের বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন করা হয়। ইতিমধ্যে বিভিন্ন সংস্থা ও আন্তঃমন্ত্রণালয়ে পর্যালোচনা করে সুপারিশ গ্রহণ করা হয়। এছাড়া বিভিন্ন Steck holder ও বিশেষজ্ঞের মতামত নেওয়া হচ্ছে। তবে বৃহত্তর জনগোষ্ঠীসহ জনসাধারণের মতামত নিয়ে এই খসড়ার বিস্তারিত পরিকল্পনা চূড়ান্ত করলে ইহা সকলের নিকট গ্রহণযোগ্য হবে। সেই আলোকে ইহা চউক এর ওয়েবসাইট www.cda.gov.bd এ প্রকাশ করা হয়েছে।

উক্ত বিস্তারিত পরিকল্পনা (Draft Detailed Plan) রিপোর্টের কপি ও নক্শা চউক ভবনের ৪র্থ তলার পরিকল্পনা বিভাগে রাখা হয়েছে যার উপর মতামত/সুপারিশ প্রদান করার জন্য এতদ্বারা সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

জিডি-৯৫৭ চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বারুইগ্রাম, রাজফুলবাড়ীয়া, সাভার, ঢাকা

"দু'টি সন্তানের বেশি নয়, একটি হলে ভাল হয়"

স্মারক নং-যুউঅ/কেমাসউকে/নির্মাণ-১২২/২০০৮-৬২ তারিখঃ ২৪/০২/২০০৮খ্রিঃ

দরপত্র বিজ্ঞপ্তি

১।	মন্ত্রণালয়/ডিভিশন	ঃ	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
২।	সংস্থা	ঃ	যুব উন্নয়ন অধিদপ্তর।
৩।	প্রকিউরিং এন্টিটির নাম	ঃ	কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র ও আঞ্চলিক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
৪।	তহবিলের উৎস	ঃ	বাংলাদেশ সরকার (জিওবি)।
৫।	দরপত্রের লট	ঃ	০৮ (আট)টি।
৬।	দরপত্রের লটের নাম	ঃ	১. পুরাতন মহিলা হোস্টেলের ডাইনিং এর সংস্কার কাজ। ২. মাস্টার ড্রেন নির্মাণ। ৩. আবাসিক কোয়ার্টারের রংকরণ কাজ। ৪. ভূমি উন্নয়ন কাজ। ৫. পুকুরের ঘাট বাঁধানো। ৬. ফুলের বাগান নির্মাণ। ৭. অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ। ৮. সীমানা দেয়াল নির্মাণ ও সংস্কার।
০৭।	দরপত্র দলিল বিক্রয়ের স্থান	ঃ	(০১) কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, বারুইগ্রাম, রাজফুলবাড়ীয়া, সাভার, ঢাকা। (০২) সিনিয়র সহকারী সচিব (যুব-১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (০৩) পরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
০৮।	দরপত্র গ্রহণের স্থান	ঃ	(০১) কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, বারুইগ্রাম, রাজফুলবাড়ীয়া, সাভার, ঢাকা। (০২) সিনিয়র সহকারী সচিব (যুব-১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, কক্ষ নং- ৭২৪, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (০৩) পরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
০৯।	দরপত্র খোলার স্থান	ঃ	অধ্যক্ষের অফিস কক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, বারুইগ্রাম, রাজফুলবাড়ীয়া, সাভার, ঢাকা।
১০।	দরপত্র দলিল বিক্রয়ের সময়	ঃ	২৭-০২-২০০৮ হইতে ১৮-০৩-২০০৮ তারিখ পর্যন্ত সকল কার্যদিবসে অফিস চলাকালীন সময়।
১১।	দরপত্র দাখিলের তারিখ ও সময়	ঃ	১৯-০৩-২০০৮খ্রিঃ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।
১২।	দরপত্র খোলার তারিখ ও সময়	ঃ	১৯-০৩-২০০৮খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা উপস্থিত দরদাতা বা তাহার প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন)।
১৩।	প্রতি সেট দরপত্র দলিলের মূল্য	ঃ	দরপত্রের সিডিউল ও শর্তাবলী ০১ ও ০২ লটের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) এবং ০৩ থেকে ০৮ নং লটের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ট্রেজারী চালানের মাধ্যমে "১/৩৬৪০/০০০০/২৩৬৬" নং কোডে জমাপূর্বক ট্রেজারী চালানের মূলকপি দাখিল করে সংগ্রহ করা যাবে।
১৪।	বিড সিকিউরিটির পরিমাণ	ঃ	লট নং ০১ এর জন্য = ৩২,০০০/- (বত্রিশ হাজার) টাকা। লট নং ০২ এর জন্য = ২৮,০০০/- (আটাশ হাজার) টাকা। লট নং ০৩ এর জন্য = ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা। লট নং ০৪ এর জন্য = ১১,০০০/- (এগার হাজার) টাকা। লট নং ০৫ এর জন্য = ৮,০০০/- (আট হাজার) টাকা। লট নং ০৬ এর জন্য = ৭,০০০/- (সাত হাজার) টাকা। লট নং ০৭ এর জন্য = ৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা। লট নং ০৮ এর জন্য = ৩,৮০০/- (তিন হাজার আটশত) টাকা।
১৫।	বিশেষ নির্দেশনা		১। দরপত্র গ্রহণ ও খোলার দিন কোন কারণবশতঃ অফিস বন্ধ থাকিলে পরবর্তী প্রথম কার্যদিবসে একই সময়ে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) গ্রহণ ও খোলা হবে। ২। প্রতিটি লটের জন্য পৃথক পৃথক দরপত্র জমা দিতে হবে এবং খামের উপর লট নং ও লটের নাম উল্লেখ করতে হবে। ৩। দরপত্র খোলার তারিখ হইতে দরপত্র বৈধতার মেয়াদ ৯০ দিন এবং বিড সিকিউরিটি বৈধতার মেয়াদ ১২০ দিন। ৪। দরপত্র সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী দরপত্র সিডিউলে বর্ণিত রয়েছে। ৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

মোঃ মুকিতুল ইসলাম
অধ্যক্ষ
কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র
যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা

জিডি-৯৪৪

কর্ণফুলী পেপার মিলস্ লিমিটেড

চন্দ্রঘোনা, রাঙ্গামাটি পার্বত্য জেলা
(বিসিআইসি'র একটি প্রতিষ্ঠান)

বাঁশ সংগ্রহের পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

ব্যবস্থাপনা পরিচালক, কেপিএম লিঃ, চন্দ্রঘোনা, রাঙ্গামাটি পার্বত্য জেলা কর্তৃক ২০০৭-২০০৮ইং বৎসরে নিম্নোক্ত উৎস হইতে বাঁশ সরবরাহের জন্য আগ্রহী ও অভিজ্ঞ সরবরাহকারী ঠিকাদারদের নিকট হইতে নির্ধারিত ফরমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে পুনঃ টেন্ডার আহ্বান করা যাইতেছেঃ-

ক্রমিক নং	সংগ্রহ উৎস ও কাজের সংক্ষিপ্ত বিবরণ	কোটা/লক্ষ্যমাত্রা (কাঁচাটন)	প্রতি সেট সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)
১।	বৃহত্তর সিলেট অঞ্চলের বিভিন্ন বনাঞ্চল ও চা বাগান এলাকা হইতে বারিয়া/মাকাল/জাঁই/বেত্তু/পেঁচা জাতীয় বাঁশ সংগ্রহ করতঃ মিলের চন্দ্রঘোনা বাঁশকেন্দ্রে সরবরাহ।	৫,০০০	টাঃ ৩০০.০০
২।	উত্তরবঙ্গের রংপুর, লালমনিরহাট, বগুড়া, দিনাজপুর ও তৎসংলগ্ন অঞ্চলসমূহ হইতে বারিয়া/মাকাল/জাঁই জাতীয় গ্রাম্য প্রজাতির বাঁশ সংগ্রহ করতঃ মিলের চন্দ্রঘোনা বাঁশকেন্দ্রে সরবরাহ।	১,৫০০	টাঃ ২৫০.০০

উপরোক্ত উৎসসমূহ হইতে বাঁশ সরবরাহের জন্য আলাদা-আলাদা 'সিডিউল ও দরপত্র ফরম' প্রতিটি কাজের পার্শ্বে উল্লেখিত নির্ধারিত দরে (ক) বিসিআইসি শাখা অফিস, ৬, আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম ও (খ) হিসাব বিভাগ, কেপিএম লিঃ, চন্দ্রঘোনায় টেন্ডার গ্রহণের পূর্ব দিন অর্থাৎ ১৬/০৩/০৮ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত পাওয়া যাইবে। দরপত্র আগামী ১৭/০৩/০৮ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত মহাব্যবস্থাপক, এফআরএম (সংগ্রহ) অফিস, কেপিএম লিঃ, চন্দ্রঘোনায় রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ এবং একই দিনে একই স্থানে সকাল ১১.১৫মিঃ সময় উপস্থিত দরপত্রদাতা/দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) পিপিআর-২০০৩ এর বিধি অনুযায়ী গঠিত TOC কর্তৃক খোলা হইবে। উল্লেখ্য, টেন্ডার গ্রহণ ও খোলার দিন কোন টেন্ডার সিডিউল ও দরপত্র ফরম বিক্রয় করা হইবে না। একজন টেন্ডারদাতা উপরোক্ত উৎস ক্রমিক ১ ও ২ নং হতে যথাক্রমে ন্যূনতম ১,০০০ ও ২৫০ কাঁচাটন বাঁশ সরবরাহের জন্য টেন্ডার দাখিল করিতে পারিবেন। এই বিষয়ে আরও বিস্তারিত জানিতে আগ্রহী সরবরাহকারী/ঠিকাদারগণকে অফিস চলাকালীন সময়ে (শুক্রবার ও অন্যান্য ছুটির দিন ব্যতীত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেওয়া হইল। কর্তৃপক্ষ সকল দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ জাকির হোসেন
ভারপ্রাপ্ত মহাব্যবস্থাপক (এফআরএম)
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে

জিডি-৯৫৬

বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ

BEPZA
বেপজা কমপ্লেক্স
বাড়ী নং-১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫

নং- বেপজা/প্রশা-১৭/২০০৮/২৯০ তারিখঃ ২৫ ফেব্রুয়ারী ২০০৮ / ১৩ ফাল্গুন ১৪১৪

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের রাজস্ব খাতে নিম্নলিখিত শূন্য পদসমূহে কর্মকর্তা নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	২০/৩/২০০৮ তারিখে সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	মহাব্যবস্থাপক (এমআইএস) ১৬৮০০-২০৭০০/-	৪৫ বৎসর	শিল্প ব্যবস্থাপনা, ব্যবসা প্রশাসন, লোক প্রশাসন, অর্থনীতি, ব্যবস্থাপনা, কম্পিউটার সাইন্স বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর বা বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন ইলেকট্রিকাল এন্ড ইলেকট্রনিক্স অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ইন কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রিসহ সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় ১৫০০০-১৯৮০০/- টাকা বেতন স্কেলে কমপক্ষে ৫ বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর পদে ১৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(২)	উর্ধ্বতন উপ-সচিব ১৫০০০-১৯৮০০/-	৪২ বৎসর	২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ কোন সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় ১৩৭৫০-১৯২৫০/- টাকা বেতন স্কেলে উপ-সচিব বা সমমর্যাদাসম্পন্ন পদে কমপক্ষে ৫ বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর পদে সংশ্লিষ্ট কাজে ১২ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৩)	উপ-মহাব্যবস্থাপক (সমন্বয়) ১৫০০০-১৯৮০০/-	৪২ বৎসর	২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ কোন সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় ১৩৭৫০-১৯২৫০/- টাকা বেতন স্কেলে উপ-সচিব বা সমপর্যায়ের পদে কমপক্ষে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ১ম শ্রেণীর পদে প্রশাসনিক কাজে কমপক্ষে ১২ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৪)	উপ-মহাব্যবস্থাপক ১৫০০০-১৯৮০০/-	৪২ বৎসর	শিল্প ব্যবস্থাপনা, ব্যবসা প্রশাসন, লোক প্রশাসন, অর্থনীতি, ব্যবস্থাপনা বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় ১৩৭৫০-১৯২৫০/- টাকা বেতন স্কেলে ব্যবস্থাপক বা সমমর্যাদাসম্পন্ন পদে কমপক্ষে ৫ বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর পদে সংশ্লিষ্ট কাজে ১২ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৫)	উপ-মহাব্যবস্থাপক (নিরাপত্তা) ১৫০০০-১৯৮০০/-	৪২ বৎসর	সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত মেজর বা সমমর্যাদাসম্পন্ন পদের চাকুরীর অভিজ্ঞতা।
(৬)	উপ-সচিব ১৩৭৫০-১৯২৫০/-	৪০ বৎসর	২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় ১১০০০-১৭৬৫০/- টাকা বেতন স্কেলে ১ম শ্রেণীর পদে ১০ বৎসরের এবং সংশ্লিষ্ট কাজে ৭ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৭)	ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) ১৩৭৫০-১৯২৫০/-	৪০ বৎসর	সিএ পাসের পর ৪ বৎসর বা আইসিএমএ পাশের পর ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা অথবা সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় ১১০০০-১৭৬৫০/- টাকা বেতন স্কেলে উপ-ব্যবস্থাপক পদে ৮ বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্য বিভাগে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ ১ম শ্রেণীর পদে ১০ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৮)	ব্যবস্থাপক ১৩৭৫০-১৯২৫০/-	৪০ বৎসর	শিল্প ব্যবস্থাপনা, ব্যবসা প্রশাসন, লোক প্রশাসন, অর্থনীতি, ব্যবস্থাপনা বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় ১১০০০-১৭৬৫০/- টাকা বেতন স্কেলে কমপক্ষে ৫ বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর পদে সংশ্লিষ্ট কাজে ১০ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(৯)	ব্যবস্থাপক (নিরাপত্তা) ১৩৭৫০-১৯২৫০/-	৪০ বৎসর	সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন বা অন্যান্য বাহিনীর সমমর্যাদাসম্পন্ন পদে চাকুরীর অভিজ্ঞতা।
(১০)	ব্যবস্থাপক (প্রকাশনা ও জনসংযোগ) ১৩৭৫০-১৯২৫০/-	৪০ বৎসর	গণযোগাযোগ ও সাংবাদিকতা, রাষ্ট্র বিজ্ঞান, সমাজ বিজ্ঞান বা আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় ১১০০০-১৭৬৫০/- টাকা বেতন স্কেলে কমপক্ষে ৫ বৎসরের চাকুরীসহ ১ম শ্রেণীর পদে সংশ্লিষ্ট কাজে ১০ বৎসরের অভিজ্ঞতা।
(১১)	উপ-ব্যবস্থাপক (প্রকাশনা/জনসংযোগ) ১১০০০-১৭৬৫০/-	৩৫ বৎসর	গণযোগাযোগ ও সাংবাদিকতা, রাষ্ট্র বিজ্ঞান, সমাজ বিজ্ঞান বা আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় ৬৮০০-৯০৭৫/- টাকা বেতন স্কেলে ১ম শ্রেণীর পদে সংশ্লিষ্ট কাজে ৬ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(১২)	উপ-ব্যবস্থাপক ১১০০০-১৭৬৫০/-	৩৫ বৎসর	শিল্প ব্যবস্থাপনা, ব্যবসা প্রশাসন, লোক প্রশাসন, অর্থনীতি, ব্যবস্থাপনা বিষয়ে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় ৬৮০০-৯০৭৫/- টাকা বেতন স্কেলে ১ম শ্রেণীর পদে ৬ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(১৩)	উর্ধ্বতন সহকারী সচিব ১১০০০-১৭৬৫০/-	৩৫ বৎসর	ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকারি বা স্বায়ত্তশাসিত সংস্থায় ৬৮০০-৯০৭৫/- টাকা বেতন স্কেলে ১ম শ্রেণীর প্রশাসনিক পদে এবং সংশ্লিষ্ট কাজে ৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।
(১৪)	সহকারী ব্যবস্থাপক (হিসাব) ৬৮০০-১৩০৯০/-	৩০ বৎসর	বাণিজ্য বিভাগে ন্যূনতম স্নাতক সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি।
(১৫)	সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা ৫১০০-১০৩৬০/-	৩০ বৎসর	বাণিজ্যে ন্যূনতম স্নাতক ডিগ্রিসহ হিসাব রক্ষক/ক্যাশিয়ার পদে ৩ বৎসরের অভিজ্ঞতা।

শর্তাবলীঃ
(১) আগামী ২০-৩-২০০৮ তারিখের মধ্যে "সচিব, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ" বরাবরে লিখিত দরখাস্ত "জিপিও বক্স নং-২২১০, ঢাকা" এর ঠিকানায় পৌঁছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না, কিংবা অত্র অফিসের ঠিকানায় কোন দরখাস্ত প্রেরণ করা যাবে না।
(২) উল্লিখিত তারিখের পর ডাকযোগে কিংবা অন্য কোন উপায়ে প্রেরিত দরখাস্ত গ্রহণ করা হবে না। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নহে।
(৩) অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
(৪) দরখাস্তের খামের উপর প্রার্থিত পদের নাম এবং নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
(৫) চাকুরীরত প্রার্থীদের বেলায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে।
(৬) কেবলমাত্র নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণ নিজ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে পারবেন।
(৭) দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবেঃ-
(ক) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
(খ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি।
(গ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/পৌরসভার চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
(ঙ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।
(৮) নিয়োগের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
(৯) বিশেষ যোগ্যতা/অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শর্তাবলী শিথিলযোগ্য।
(১০) 'বেপজা' এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকা মূল্যমানের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অথবা পোস্টাল অর্ডার (অফেরতযোগ্য) দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।
(১১) বাংলাদেশ সরকারের বিধি মোতাবেক মুক্তিযোদ্ধাসহ অন্যান্য সকল কোটা সংরক্ষণ করা হবে।
(১২) মুক্তিযোদ্ধা পোষ্যদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
(১৩) কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
(১৪) কোন তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।

সচিব
বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ

জিডি-৯৪৬